জ্বালানি সংকটের সমাধান ধীরে ধীরে হবে: অর্থমন্ত্রী



অর্থমন্ত্রী আমীর খসরু মাহমুদ। ছবি: সংগৃহীত

দেশের চলমান জ্বালানি সংকট তাৎক্ষণিকভাবে দূর করা সম্ভব নয় বলে জানিয়েছেন অর্থমন্ত্রী আমির খসরু মাহমুদ চৌধুরী। তিনি বলেছেন, সংকট মোকাবিলায় সরকার ধাপে ধাপে এগোচ্ছে এবং অন্তত তিন মাসের জ্বালানি নিরাপত্তা নিশ্চিত করার উদ্যোগ নেওয়া হয়েছে।

শনিবার (২২ আগস্ট) ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি আয়োজিত রাজস্ব ও মুদ্রানীতি বিষয়ক সেমিনারে বক্তব্য দেওয়ার সময় এসব কথা জানান অর্থমন্ত্রী।

আমির খসরু মাহমুদ চৌধুরীর ভাষ্য, এক মাসের মধ্যে জ্বালানি সমস্যার পূর্ণাঙ্গ সমাধান করা সম্ভব হবে না। পরিস্থিতি সামাল দিতে প্রয়োজনীয় সময় দিতে হবে। এ জন্য সরকার তাৎক্ষণিক প্রয়োজন মেটানোর পাশাপাশি মধ্য ও দীর্ঘমেয়াদি সমাধান নিয়েও কাজ করছে।

বর্তমান অর্থনৈতিক পরিস্থিতি নিয়ে কথা বলতে গিয়ে তিনি বলেন, বাংলাদেশ একই সময়ে একাধিক চ্যালেঞ্জের মুখে রয়েছে। এলডিসি থেকে উত্তরণের প্রস্তুতির পাশাপাশি বৈশ্বিক অর্থনীতির অনিশ্চয়তা, মূল্যস্ফীতির চাপ এবং জ্বালানি সংকট অর্থনীতিতে বাড়তি চাপ তৈরি করছে। এসব বিষয় মোকাবিলায় রাজস্বনীতি ও মুদ্রানীতির মধ্যে সমন্বয় জরুরি।

অন্যদিকে, সেমিনারে দেশের শিল্প খাতের প্রতিনিধিরা জ্বালানি সরবরাহ নিয়ে নিজেদের উদ্বেগের কথা তুলে ধরেন। তাদের মতে, শিল্পকারখানার উৎপাদন স্বাভাবিক রাখতে গ্যাস ও বিদ্যুতের নিরবচ্ছিন্ন সরবরাহ নিশ্চিত করা প্রয়োজন।

উদ্যোক্তারা জানান, জ্বালানি সরবরাহে ঘাটতির কারণে উৎপাদন ব্যয় ক্রমেই বাড়ছে। এর প্রভাব পড়ছে আন্তর্জাতিক বাজারে বাংলাদেশের প্রতিযোগিতামূলক অবস্থানের ওপর। প্রতিদ্বন্দ্বী দেশগুলোর তুলনায় রপ্তানি সক্ষমতা ধরে রাখাও কঠিন হয়ে পড়ছে বলে তারা উল্লেখ করেন।